

জানুয়ারী/২০২২ খ্রি. মাসে অনুষ্ঠিত উপজেলা মহিলা ও শিশু উন্নয়ন স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।  
তারিখ : ২৭/০১/২০২২খ্রি:  
সময় : ১১.৩০ ঘটিকা।  
স্থান : মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, আড়াইহাজার।

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকাঃ

ক্রমিক নং	সদস্যদের নাম	পদবী	স্বাক্ষর
১.	জনাব, মোঃ অদুদ মাহমুদ	চেয়ারম্যান, সাতগ্রাম ইউপি, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	স্বাক্ষরিত
২.	জনাব, মোঃ সিরাজুল ইসলাম ভূইয়া	বিশিষ্ট সমাজসেবক, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	স্বাক্ষরিত
৩.	জনাব, মোঃ মোর্শেদ মোল্লা	বিশিষ্ট সমাজসেবক, পাঁচবাড়িয়া, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	স্বাক্ষরিত
৪.	জনাব, কাজী সাজন ইকবাল	বিশিষ্ট সমাজসেবক, নোয়াপাড়া, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	স্বাক্ষরিত
৫.	জনাব, মোঃ আবু ছাইদ মল্লিক	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	স্বাক্ষরিত
৬.	জনাব, নাসরিন সুলতানা	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, আড়াইহাজার, নারায়ণগঞ্জ	স্বাক্ষরিত

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব নিম্নোক্ত বিষয়ে আলোচনা করেন।

আলোচ্য সূচী : ০১ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়াধীন মহিলা প্রশিক্ষণ কেন্দ্রে ২০২১-২২ অর্থ বছরে প্রতি তিন মাস অন্তর অন্তর প্রতি ব্যাচে ৩০ (ত্রিশ) জন মহিলাকে সেলাই ও নকশী কাঁথা প্রশিক্ষণ দিয়ে আয়বর্ধক কাজে দক্ষ করে তোলার কাজ করা হয়েছে। মহিলা বিষয়ক অধিদপ্তরাধীন আইজিএ প্রকল্পের আওতায় বিউটিফিকেশন ও ব্লক-বাটিক ট্রেডে প্রতি ব্যাচে (২৫ জন+ ২৫ জন) মোট=৫০ (পঞ্চাশ) জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

আলোচ্য সূচী : ০২ : বাল্যবিবাহ প্রতিরোধ ও যৌতুক বিরোধী কার্যক্রমের আওতায় বিগত জানুয়ারী/২০২২ মাসে ব্রাহ্মন্দী ইউনিয়নে ১টি বাল্য বিবাহ প্রতিরোধ করা হয়েছে এবং আড়াইহাজার পৌরসভায় বাল্যবিবাহ ও যৌতুক বিরোধী সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়।

আলোচ্য সূচী : ০৩ ২০২০-২০২১ ভিজিডি চক্রে ১০টি ইউনিয়নের ১১৮৯ জন দুঃস্থ মহিলাদের মধ্যে জন প্রতি ৩০ কেজি হারে জানুয়ারী/২০২১ মাসের ভিজিডি চাল যথানিয়মে বিতরণ করা হয়েছে। এছাড়াও নির্ধারিত এন.জি.ও'র মাধ্যমে ভিজিডি উপকারভোগী মহিলাদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

আলোচ্য সূচী : ০৪ দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচীর আওতায় ২০২০-২০২১ অর্থ বছরে ৫৭০(পাঁচশত সত্তর) জন ভাতাভোগীর ভাতা প্রক্রিয়াধীন।